# International Forum for Trial of War Criminals of Bangladesh Inc

*Registration no: INC9882218*
www.iftwcb.org

<u>অস্ট্রেলিয়ান সংসদে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতির আলোচনা</u>

শাহবাগ আন্দলনের পরিপ্রেক্ষিতে IFTWCB গত ফেব্রুয়ারী মাস থেকে বিশিস্ট অস্ট্রেলিয়ান সাংসদদের সাথে সাক্ষাত করে তাদের বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি ব্যাখা করে যুদ্ধাপরাধীদের বিচারের পক্ষে তাদের নৈতিক সমর্থন কামনা করে আসছে।

গত ১৩ই মার্চ (বুধবার) লেবার পার্টির এক জ্যেষ্ঠ সদস্যের মাধ্যমে IFTWCB জানতে পারে যে চিফলীর সাংসদ জনাব এড হিউসিক এমপি সোমবার (১৮ই মার্চ) বিকেলে অস্ট্রেলিয়ান সংসদে বাংলাদেশের উপরে একটি প্রাইভেট মেম্বার'স মোশন বা প্রস্তাবনা আনতে যাচ্ছেন । IFTWCB অবিলম্বে জনাব লরি ফারগুসন এমপি এবং পররাষ্ট্র মন্ত্রীর সাথে যোগাযোগ করে তাদের বাংলাদেশের পরিস্থিতির উপর সম্যকভাবে অবহিত করে। উপরন্তু IFTWCB'র পক্ষ থেকে জনাব লরি ফারগুসন এমপিকে অনুরোধ করা হয় যাতে করে জনাব ফারগুসন সোমবার সন্ধ্যায় এড হিউসিক এমপির প্রস্তাবনাকে contexualise করার লক্ষ্যে বিতর্কে অংশ নেন।

পরদিন সকালে IFTWCB সচিব এড হিউসিক এমপির অফিসে যোগাযোগ করেন এবং এড হিউসিক এমপি ক্যানবেরায় অবসস্থান করার কারনে তার সচিব David Field এর মাধ্যমে এড হিউসিক এমপিকে বাংলাদেশে সম্প্রতি গঠিত আন্তর্জাতিক অপরাধ আদালত এবং যুদ্বাপরাধীদের ৭১এর ভূমিকা (ব্যাপক গনহত্যা ও ধর্ষণের) ব্যাখা করে একটি পুর্নাঙ্গ রিপোর্ট পেশ করেন।

এরপর IFTWCB'র পক্ষ থেকে ক্যানবেরার জনাব কামরুল খানের সাথে যোগাযোগ করে খান সাহেবকে অনুরোধ করা হয় যাতে করে তিনি সোমবার রাতে সংসদে উপস্থিত থাকেন এবং পরিস্থিতির পরিপ্রেক্ষিতে এড হিউসিক এমপির বক্তব্যের প্রতিবাদ করতে পারেন। যাই হোক, এড হিউসিক এমপি বাংলাদেশের পরিস্থিতি সম্পর্কে অবহিত হয়ে সংসদে মানবাধিকারের নামে যুদ্বাপরাধী জামাত/মুসলিম লীগার (বিএনপি) সন্ত্রাসি ও দাঙ্গাবাজদের সমর্থনে নিবৃত হন। ১৮ মার্চ রাতে ফেডারেশন চেম্বারে অনুষ্ঠিত সংসদীয় বিতর্কে জনাব লরি ফারগুসন এমপি বাংলাদেশের স্বাধীনতা ও মানবতার পক্ষে এবং যুদ্বাপরাধের বিরুদ্ধে অত্যন্ত জোড়াল বক্তব্য রাখেন।

এড হিউসিকের বক্তব্যে মাউন্টড্রুইট নিবাসী দুজন বাংলাদেশী, নার্গিস বানু এবং আব্দুল হকের নাম এসেছে। বাংলাদেশী কমিউনিটিকে এঁদের মাধ্যমেই জানেন বলে দাবী করেছেন জনাব এড হিউসিক। বক্তব্যে এড হিউসিক বাংলাদেশের সাম্প্রতিক মানবাধিকার লঙ্ঘনে উদ্বেগ প্রকাশ করেন। তিনি আরো মন্তব্য করেন যে এ যাবত বাংলাদেশ সরকার ২৫,০০০ বিরোধী দলীয় নেতা কর্মীকে গ্রেফতার করেছে। স্বভাবতই আমদের প্রশ্ন হতে পারে এ তথ্য তিনি কোথা থেকে পেলেন?

যুদ্বাপরাধীদের বিচারে আমারা ৪২ বছর সময় নিয়েছি । যুদ্বাপরাধীদের বিচার না করতে পারার মূল কারনগুলো হচ্ছে রাজনীতিতে সামরিক বাহিনীর নগ্ন হস্তক্ষেপ, ১৯৭৫ সাল থেকে স্বাধীনতার পক্ষশক্তির পরিকল্পিত নিধন ও নির্যাতন, আমেরিকা, সৌদী আরব ও পাকিদের (ISI) অস্ত্র ও

অর্থ সহায়তায় রাজনীতিতে জামাতী ও মুসলীম লীগারদের (বর্তমান বিএনপি?) পুনর্বাসন এবং সামাজিকভাবে জামাতী/মুসলীম লীগারদের চিহ্নীত ও পরিত্যাজ্য না করা।

আজকে শাহবাগ আন্দলনের পরিপ্রেক্ষিতে আসুন আমরা বাঙ্গালীরা একত্রিত হয়ে জামাত, শিবির, মুসলীম লীগারদের চিহ্নীত করে এদেরকে সামাজিকভাবে পরিত্যাগ করি। অস্ট্রেলিয়ার মত একটি সভ্য দেশের নাগরিক হিসেবে ৭১ এর গনহত্যাকারী ও তাদের সমর্থকদের সামাজিকভাবে বর্জনে আমাদের বাধা কোথায়?

অস্ট্রেলিয়ান সংসদের বিষয়ে আমাদের অনুরোধ, আপনারা আপনাদের এলাকার ফেডারেল এমপিদের সাথে অবিলম্বে যোগাযোগ করুন এবং তাদের কাছে দাবী তুলুন যাতে করে তারা যেন ৭১এর যুদ্বাপরাধ বিচারে সদ্য প্রতিষ্ঠিত International Crimes Tribunal (ICT) এর প্রতি তাদের নৈতিক সমর্থন জানান। এব্যাপারে আপনাদের কোন সহযোগিতা প্রয়োজন হলে অবিলম্বে আমাদের সাথে যোগাযোগ করুন।

নিবেদক,

সচিব, IFTWCB
৮ এপ্রিল ২০১৩